[redacted]

‘[redacted]’ [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গাস্হ একাডেমি মোড় কার্যালয়ে শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট দেয়া হয়। সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও সংস্থার জেলা শাখার সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান।

বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন। বিশেষ অতিথির বক্তব্য দেন সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকী সোহেলী রশিদ, সদর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান কাজল, এটিএন বাংলার জেলা প্রতিনিধি রফিক রহমান ।

এ সময় আরো উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যান সংস্থার ডেপুটি ম্যানেজার আব্দুল আওয়াল প্রিন্স, চুয়াডাঙ্গা প্রজেক্ট কো - অডিনেটর নাঈম সরোয়ার, নাসির জোয়ার্দার, সোহেল রানা প্রমুখ।

চুয়াডাঙ্গা ও দামুড়হুদায় ড্রাইভিং কাম অটো মেকানিকস এবং কম্পিউটার অফিস এপ্লিকেশন কোর্সের ১০ টি ব্যাজের ৩০০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করেন অতিথিরা। এর আগে বুধবার আলমডাঙ্গা এরশাদপুরে মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার অফিস এপ্লিকেশন ও ড্রাইভিং কাম অটো মেকানিকস কোর্সের ৭টি ব্যাজের ২১০ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র ও সন্মানী প্রদান করা হয়।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের মত বিনিময় সভা

মুজিবনগর উপজেলার মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের (মেডা) মত বিনিময় সভা ও নিবন্ধন সনদ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ নভেম্বর) দুপুরের দিকে মোনাখালী বাজার ঈদগাহ

প্রাঙ্গণে এই মতবিনিময় সভা ও নিবন্ধন সনদ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনে (মেডা)’র সহ সভাপতি মো: সালাউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সমাজ সেবা অফিসার মো: আব্দুর রব, মেহেরপুর জেলা সমাজ সেবা অফিসের জেলা নিবন্ধন অফিসার কাজী মো: আবুল মুনসুর।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশনের (মেডা)’র সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ ও সহ সাধারণ সম্পাদক নাইমা শ্রাবণীর যৌথ সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রতিষ্ঠাতা উপদেষ্টা অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম, উপদেষ্টা যথাক্রমে, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) হাজী ছাদেক আলী, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিন আক্তার,শাহিনুর রহমান মানিক ও রোকুনুজ্জামান বকুল ।

মোনাখালী এডুকেশনাল ডেভেলোপমেন্ট এ্যাসোসিয়েশন (মেডা) এলাকার হতদরিদ্র শিক্ষার্থীদের সহায়তা ও গ্রামের ছাত্র ছাত্রীদের শিক্ষার মান উন্নয়নে স্বেচ্ছাসেবী সংগঠণ হিসেবে কাজ করে যাচ্ছে। সংগঠনটি সমাজ সেবা অধিদপ্তরের কর্মকর্তাদের হাত থেকে নিবন্ধন সনদ গ্রহণ করেন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য সদস্যবৃন্দ।

এসময় সংগঠনের সদস্যবৃন্দ, এলাকার সুধীজন ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় শুভ সংঘের উদ্যোগে মাস্ক বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচী

“শুভকাজে সবার পাশে” দৈনিক কালের কন্ঠ পত্রিকার সহযোগী প্রতিষ্ঠান শুভ সংঘ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ও শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণসহ বিদ্যালয় আঙ্গিনায় বৃক্ষ রোপন করা হয়েছে। একই সাথে দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করা হয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় কুষ্টিয়া সদর উপজেলার দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলে এসব কর্মসুচী পালন করা হয়।

দৈনিক কালের কন্ঠ পত্রিকার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিকের সঞ্চালনায় বক্তব্য রাখেন দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আশরাফুল হক উজ্জ্বল, শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাধারন সম্পাদক কাকলী খাতুন, প্রচার সম্পাদক এসএম জামাল, সদস্য তরুণ কুমার ঘোষ দিক নির্দেশনামুলক ও সচেতনতামুলক বক্তব্য রাখেন।

শুভ কাজে সবার পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করে বক্তারা বলেন, যার মধ্যে দেশপ্রেম ও সত্যিকারের ভালোবাসা আছে সে কখনো খারাপ হতে পারে না। তাই আসুন আমরা প্রতিদিন একটি করে ভালো কাজ করতে শিখি। আর এই ভালো কাজের মধ্য দিয়ে দেশকে ভালোবাসা যায়, সমাজকে ভালোবাসা যায়, পরিবারকে তথা সকলকেই ভালোবাসা যায়। সকল অসুন্দরকে রুখতে তরুণদের সবার আগে এগিয়ে আসতে হবে। কারণ, তরুণরাই আগামীতে নেতৃত্ব দেবে। তরুণদের আলোয় আলোকিত হতে হবে। তাহলেই সকল অসুন্দর থেকে নিজেকে ভালো রাখা যাবে এবং দেশের প্রতি আত্মার ভেতর থেকে ভালোবাসা তৈরি হবে।

পরে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়। এছাড়াও বিদ্যালয় আঙ্গিনায় শোভাবর্ধনের জন্য বৃক্ষরোপন করা হয়। এরআগে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করান শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মুনতাসীর আল মামুন।

এসময় দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষক নুর আসমান লতা, সহকারী শিক্ষক তোহিদুল ইসলাম তুহিনসহ সহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সদস্য নাফিস, রিজা, আখিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন

মুজিবনগরে বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে ওয়েব ফাউন্ডেশনের র্যালী ও আলোচনা সভা

“অদৃশ্যকে দৃশ্যমান করো” এই প্রতিপাদ্যের মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব টয়লেট দিবস। এই উপলক্ষে বুধবার সকাল ১১ টার দিকে উপজেলার বিশ্বনাথপুর গ্রামে আশার আলো সমিতির উদ্যোগে এবং water.org এর কারিগরি সহায়তায় এবং ওয়েব ফাউন্ডেশন

এক্সেস প্রকল্পের বাস্তবায়নে ও আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আশার আলো মহিলা সমিতির সদস্যদের নিয়ে একটি র্যালি বের করা হয়। র্যালিটি কয়েকটি রাস্তা প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে ওয়েব ফাউন্ডেশন এর ইউনিট ম্যানেজার (ভারপ্রাপ্ত) আশিক ইকবালের সভাপতিত্বে একটু আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুজিবনগর উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন,
দৈনন্দিন জীবনে মানুষের মলমূত্রসহ বিভিন্ন ধরণের ময়লা আবর্জনার সুষ্ঠু ব্যবস্থাপনাই হলো স্যানিটেশন। বিশ্ব টয়লেট দিবস হল বিশ্বব্যাপী স্যানিটেশন সংকট মোকাবেলায় জাতিসংঘ কর্তৃক মনোনীত আন্তর্জাতিক ভাবে পালনের একটি দিন। এটি জাতিসংঘ, অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং সেচ্ছাসেবকরা প্রতি বছর ১৯ নভেম্বর পালন করে থাকে। স্যানিটেশন সংকট মোকাবেলায় সচেতনতা বাড়ানো এবং পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্য এই দিবস পালন করা হয়ে থাকে।

অনিরাপদ স্যানিটেশন ব্যবস্থার কারণে মানব বর্জ্য নদী, খাল বিল পুকুরে এবং মাটিতে ছড়িয়ে পড়ছে এবং ভূগর্ভস্থ পানি সম্পদকে দূষিত করছে। ভূগর্ভস্থের পানি কীভাবে দূষিত হচ্ছে, তা আমাদের কাছে দৃশ্যমান নয়, এমনকি সমস্যাটিও অদৃশ্য। মাটির নিচে পানির দূষণ হচ্ছে- তা অদৃশ্য থাকার কারণে আমাদের সকলের কাছে সমস্যাটি গুরুত্ব পায় না, এমনকি আমাদের বেশিরভাগ মানুষই তা উপেক্ষা করে থাকে। ফলে পানি দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দূষিত পানি ব্যবহারের কারণে দরিদ্র ও প্রান্তিক মানুষকে সবচেয়ে বেশি অসুখ বিসুখে কষ্ট ভোগ করতে হয়। মাটির নিচে পানি দূষণের অদৃশ্য সমস্যাকে সকলের সামনে দৃশ্যমান করে প্রচার করার জন্যই বিশ্ব টয়লেট দিবস পালনের আয়োজন করা হয়।

৩৬০ কোটিরও বেশি মানুষ এই আধুনিক যুগেও নিম্নমানের টয়লেট ব্যবহার করে এসব টয়লেট স্বাস্থ্যকে নষ্ট করতে পারে এবং পরিবেশকেও দূষিত করতে পারে। সঠিক স্যানিটেশন ব্যবস্থার অভাবে মানুষের মলমূত্র মাটি, নদী, খাল পুকুরে ছড়িয়ে পড়ে আমাদের মাটির নিচের পানির সম্পদ দূষিত হচ্ছে। আমাদের পৃথিবী বর্তমানে স্যানিটেশন সংকটের সম্মুখীন এবং সংকটের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জরুরি প্রয়োজন রয়েছে। মানুষের মলমূত্রসহ ময়লা আবর্জনার নিরাপদ অব্যবস্থাপনা ভূগর্ভস্থ পানিকে দূষিত করছে। একটি স্বাস্থ্যসম্মত টয়লেট- মানুষের বর্জ্য দ্বারা পরিবেশ দূষিত হওয়া থেকে রক্ষা করতে পারে। এর জন্য প্রত্যেকের বাড়িতে একটি ভাল টয়লেট থাকা ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। টয়লেটের মাধ্যমে কার্যকরভাবে মানব বর্জ্য অপসারণ করা যায়। ভূগর্ভস্থ পানিতে স্যানিটেশন সংকট কীভাবে খারাপ প্রভাব ফেলে তার উপর মনোযোগ আকর্ষণের জন্য বিশ্ব ট্যালেট দিবস ২০২২ পালিত হচ্ছে।

বিশেষ অতিথির বক্তব্যে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা তামান্না বলেন, ওয়েভ ফাউন্ডেশন স্যানিটেশন সমস্যা সমাধান করার জন্য দরিদ্র পরিবারসমূহের মধ্যে টয়লেট স্থাপনের জন্য ঋণ প্রদান ও প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করছে। গত ২ বছরে ৩০ হাজারেরও বেশি পরিবারকে একশো কোটি টাকার বেশি ক্ষুদ্রঋণসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। আগস্ট ২০২৩ মাসের মধ্যে আরও ১৬ হাজার পরিবারকে টয়লেট স্থাপনের জন্য ঋণসহায়তা বিতরণ করা হবে। বিশ্ব টয়লেট দিবস ২০২২ এর এই দিনে আসুন, আমরা আমাদের প্রত্যেকের বাড়িতে একটি সুন্দর

স্বাস্থসম্মত টয়লেট স্থাপন করে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করি। নারী-পুরুষ-শিশুদের স্বাস্থ্যসম্মত জীবন নিশ্চিত করি, শিশুরা সুস্থ ও মেধাবী হয়ে গড়ে উঠুক।

এসময় উপস্থিত ছিলেন ওয়েব ফাউন্ডেশনের কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার বিপ্লব কুমার রায় সহ আশার আলো মহিলা সমিতির সদস্যবৃন্দ এবং এলাকার নারী পুরুষের স্কুলের শিক্ষার্থীরা।

কোটচাঁদপুরে ক্ষুদ্র নৃগোষ্ঠী দরিদ্রদের মাঝে গরু বিতরন

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় ক্ষুদ্র নৃ- গোষ্টিদের মাঝে গরু বিতরন করা হয়েছে। শনিবার কোটচাঁদপুর উপজেলার তালসার গ্রামের দরিদ্রদের মাঝে এ গরু দেয়া হয়।

সমাজ কল্যান সংস্থা উষার নির্বাহী পরিচালক আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুশনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ,ইউপি সদস্য হাবিবুর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন আজম বিশ্বাস। পরে ওই গ্রামের ৭ জন ক্ষুদ্র নৃ গোষ্ঠী দরিদ্র মানুষের হাতে ৭ টি গরু তুলে দেয়া হয়।

এ ব্যাপারে আব্দুল হান্নান বলেন,বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় এ গ্রামের ৭ জন কে গরু দেয়া হল। পরবর্তীতে আরো ৫ জনকে এ গরু দেয়া হবে। অনুষ্ঠানটি উষার সহযোগিতায় করা হয়েছে।

বর্ণাট্য আয়োজনে দর্শনা কেরুজ মাসুদ সংগঠনের বিশাল কর্মী সমাবেশ

দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ সংগঠনের বিশাল কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধায় দর্শনা কেরুজ ক্যাম্পস এলাকায় অবস্থিত মাসুদুর রহমান সংগঠনের নিজস্ব কার্যলয়ে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

মাসুদুর রহমান সংগঠনের সভাপতি চিনিকলের সিআইসি সাহেব আলী শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ চিনিকল ফেডারেশনের সভাপতি ও দর্শনা কেরুজ চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক এবং সংগঠনের কর্ণধর মাসুদুর রহমান মাসুদ।

বক্তব্যে বলেন, বিভিন্ন মিল থেকে প্রায় আড়াই ‘শ কর্মী আমার সংগঠনে এসেছে। আগামী নির্বাচনে আমরা কারও শরণাপন্ন হবো না আমরা কর্মীদের মৃল্যয়ন করবো।আমরা তিল তিল করে কর্মী যোগাড় করেছি আমরা কর্মীদের ন্যায্য অধিকার ফিরিয়ে দিয়েছি।আগামী জানুয়ারীতে কেরুজ ডিষ্টিলারীতে অটো মেশিন বসবে।অটো মেশিন বসার কারনে অনেক শ্রমিক বাদ যেত কিন্তু আমরা কোন শ্রমিক যাতে বাদ না যায় সেটা নিশ্চিত করেছি।আমি সব সময় শ্রমিকদের পাশে আছি।

অনুষ্ঠানে সংগঠনের কর্মী খন্দকার কায়েস আব্দুল্লাহর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, শ্যামপুর সুগার মিলের সাবেক সাধারন সম্পাদক বুলু আমিন, দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, সাবেক সহ-সভাপতি রেজাউল করিম, সহ-সভাপতি পদপ্রার্থী এস,এম কবীর (সডিএ), সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী ইকবাল হুসাইন।

সমাবেশে আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, ইছা হক মোল্লা, মওলা বকস্, আবু বক্কর, ইয়াসির আরাফাত মিলন, আক্তার হোসেন গাবু, প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted] [redacted] [redacted] [

শিক্ষার্থীদেরই এগিয়ে আসতে হবে-সাবেক সচিব রাশেদুল ইসলাম

এনজিও বিষয়ক ব্যুরোর সাবেক মহাপরিচালক ও অর্পণ-দর্পণ স্মৃতি ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাশেদুল ইসলাম বলেন, মিথ্যামুক্ত সমাজ গঠণ করে সকল খারাপ কাজ দুরিভূত করতে হবে।তাই মিথ্যামুক্ত সমাজ গঠণে শিক্ষার্থীদেরই এগিয়ে আসতে হবে।

ভাল কাজের মধ্যে কোনো সীমা নেই। সমাজে অনেক ভাল কাজ আছে। ধর্ম ও কর্মের মধ্যে দুরত্ব কমাতে হবে। তাহলেই মিথ্যামুক্ত সমাজ গঠণ হবে।

এগিয়ে যাওয়ার জন্য বই পড়ি ও সত্য অনুশীলন প্রতিযোগীতা -২০২২ উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠানে পরিকল্পকের বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ শনিবার (৫ নভেম্বর) বেলা ১১ টার সময় মেহেরপুর শিল্পকলা মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আয়োজক বিশিষ্ট সমাজ সাংস্কৃতিক ব্যাক্তিত্ব সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, শিক্ষা ব্যবস্থাপক ও সাহিত্যিক ড. সাঈফ ফাতেউর রহমান, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব রনী খাতুন, মেহেরপুর জেলা জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন প্রমুখ।

অর্পণ-দর্পণ স্মৃতি ফাউন্ডশেনের আয়োজনে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ৮০ টি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় ও ৫ টি কিন্ডারগার্টেন স্কুলের প্রায় ৩ শতাধিক শিক্ষার্থীদের মাঝে “লকডাউনে আমার মা” নামক একটি বই পড়তে দেওয়া হয়। বইটি থেকে তারা পরীক্ষায় অংশ নেয়। বই পড়া প্রতিযোগীতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর হাতে বই তুলে দেওয়া হয়। এছাড়া বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতেও বই তুলে দেওয়া হয়। বই পড়া প্রতিযোগীতা মেহেরপুর জেলাকে পাইলট প্রকল্প হিসেবে নিয়ে এটি পর্যায়ক্রমে সারা